# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১। সোনা-চাঁদির পাত্রে খাওয়া বৈধ নয়

যেহেতু এ হল অহংকারী কাফেরদের পাত্র। আল্লাহর রসূল (ﷺ) বলেন, “তোমরা সোনা-রূপার পাত্রে পানাহার করো না। কারণ, তা দুনিয়াতে কাফেরদের জন্য এবং আখেরাতে তোমাদের জন্য।”[1]

তিনি আরো বলেন, “যে ব্যক্তি (সোনা)-চাঁদির পাত্রে পান-(আহার) করে, আসলে সে ব্যক্তি নিজ উদরে জাহান্নামের আগুন ঢক্‌ঢক্‌ করে পান-(আহার) করে।”[2]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৬৩৩, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৬৭

[2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৬৩৪, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৬৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=6956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন